গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
৩ ঠাকুরগাঁও-১, ৪ ঠাকুরগাঁও-২, ৫ ঠাকুরগাঁও-৩
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরী**

স্মারক নং- ০৫.৫৫.৯৪০০.০০৫.১৬.০৪৪.২৩-৫৯৫

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

সূত্র : নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার পত্র নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭২৪, তারিখ: ১৫ নভেম্বর ২০২৩

## গণবিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ -এর অনুচ্ছেদ ১১ এর (২) অনুসারে আমি মোঃ মাহবুবুর রহমান, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনি এলাকার ভোটারগণকে স্ব-স্ব নির্বাচনি এলাকা হতে ০১(এক) জন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচী পুনঃ ঘোষণা করলাম।

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৫ অগ্রহায়ণ ১৪৩০<br>৩০ নভেম্বর ২০২৩ | বৃহস্পতিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০<br>০১-০৪ ডিসেম্বর ২০২৩ | শুক্রবার-সোমবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০<br>০৫-০৯ ডিসেম্বর ২০২৩ | মঙ্গলবার-শনিবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০<br>১০-১৫ ডিসেম্বর ২০২৩ | রবিবার-শুক্রবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০২ পৌষ ১৪৩০<br>১৭ ডিসেম্বর ২০২৩ | রবিবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ০৩ পৌষ ১৪৩০<br>১৮ ডিসেম্বর ২০২৩ | সোমবার |
| (ছ) | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৩ পৌষ ১৪৩০**<br>**০৭ জানুয়ারি ২০২৪** | **রবিবার** |

**আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ০৮:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।**

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৫ ঠাকুরগাঁও-৩, নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোনো দিনে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে রিটার্নিং অফিসারের কার্যালয় (জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও) এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাণীশংকৈল, ঠাকুরগাঁও ) মনোনয়নপত্র গ্রহণ করা হবে। সেইসাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

১৫/১১/২০২৩

তারিখ ঃ | ১ | ৫ | দিন | ১ | ১ | মাস | ২ | ০ | ২ | ৩ | বৎসর

মোঃ মাহবুবুর রহমান
জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
ও
রিটার্নিং অফিসার
৫ ঠাকুরগাঁও-৩
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

স্মারক নং- ০৫.৫৫.৯৪০০.০০৫.১৬.০৪৪.২৩-৫৯৫

তারিখঃ ৩০ কার্তিক ১৪৩০
১৫ নভেম্বর ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও
০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
০৫। অধিনায়ক, ৫০/৪২, বিজিবি, ঠাকুরগাঁও
০৬। অধিনায়ক, র‍্যাব-১৩, দিনাজপুর
০৭। জেলা নির্বাচন কর্মকর্তা, ঠাকুরগাঁও
০৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঠাকুরগাঁও
০৯। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, পীরগঞ্জ/রাণীশংকৈল, ঠাকুরগাঁও
১০। জেলা তথ্য অফিসার, ঠাকুরগাঁও। তাঁকে গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। উপজেলা নির্বাচন অফিসার, পীরগঞ্জ/রাণীশংকৈল, ঠাকুরগাঁও। গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১২। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ/রাণীশংকৈল, ঠাকুরগাঁও
১৩। সচিব, ইউনিয়ন পরিষদ …………(সকল), সংশ্লিষ্ট, ঠাকুরগাঁও। গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ঠাকুরগাঁও

১৫/১১/২০২৩

জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
ও
রিটার্নিং অফিসার